লেন্স এশিয়া

২৮ সেপ্টেম্বর, ২০২৫

# নিজ বাড়ি থেকে জামালপুরে সাংবাদিকের ঝুলন্ত মরদেহ উদ্ধার



সংগৃহীত ছবি

জামালপুরের ইসলামপুরে নিজ বাড়ি থেকে সাংবাদিক ওসমান হারুনীর ঝুলন্ত মরদেহ উদ্ধার করেছে পুলিশ। প্রাথমিকভাবে আত্মহত্যা ধারণা করা হলেও পরিবার জানিয়েছে, তিনি শারীরিক ও মানসিকভাবে ভুগছিলেন। স্থানীয় সাংবাদিক মহল এ ঘটনায় গভীর শোক প্রকাশ করেছে।

জামালপুরের ইসলামপুর পৌরসভার পলাবান্দা ভাটি পাড়ায় নিজ বাড়ির টিনশেড ঘর থেকে শনিবার (২৭ সেপ্টেম্বর) দুপুরে সাংবাদিক ওসমান হারুনীর (৪৩) ঝুলন্ত মরদেহ উদ্ধার করা হয়। তিনি মোহনা টিভির জামালপুর জেলা প্রতিনিধি ও আমার দেশ পত্রিকার ইসলামপুর উপজেলা প্রতিনিধি ছিলেন। নিহত ওসমান ওই এলাকার মৃত আবু তালেবের ছেলে।

পরিবার জানায়, দুপুর ১টার দিকে তিনি মূল ঘর থেকে পাশের ঘরে যান। কিছুক্ষণ পর ছোট ভাইয়ের স্ত্রী তাকে ঝুলন্ত অবস্থায় দেখতে পান। পরে পরিবারের সদস্যরা মরদেহ নামিয়ে পুলিশকে খবর দেন। খবর পেয়ে থানা পুলিশ ও সহকর্মী সাংবাদিকরা ঘটনাস্থলে পৌঁছান।

স্ত্রী খাদিজা বেগম জানান, ওসমান হারুনী দীর্ঘদিন ধরে মানসিক চাপে ছিলেন। সাংবাদিকতার কাজে অনাগ্রহী হয়ে পড়েছিলেন এবং শেষ সময়ে খুব কম কথা বলতেন। সম্প্রতি একটি অপারেশন হয়েছিল এবং শিগগিরই আরেকটি অপারেশনের প্রস্তুতি চলছিল।

ইসলামপুর থানার ওসি আ স ম আতিকুর রহমান বলেন, পরিবারের পক্ষ থেকে কোনো অভিযোগ করা হয়নি। তাই মরদেহ দাফনের জন্য হস্তান্তর করা হয়েছে। প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে, মানসিক চাপ ও শারীরিক অসুস্থতার কারণে তিনি আত্মহত্যা করেছেন।

অন্যদিকে সহকর্মী সাংবাদিক ও স্থানীয় গণমাধ্যম কর্মীরা তার অকাল মৃত্যুতে গভীর শোক প্রকাশ করে পরিবারের প্রতি সমবেদনা জানান।